দৈনিক
ইত্তেফাক

তারিখ 12 FEB 2016
পৃষ্ঠা ... কলাম ...

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালকের কার্যালয়
রিচিং আউট-অব-স্কুল চিলড্রেন (রস্ক) ফেইজ-২ প্রকল্প
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
roscdhaka@gmail.com

স্মারক নং- প্রাশিঅ/রস্ক/ফেইজ-২/কর্মচারী নিয়োগ/৩৮৬/২০১৫/১৯৮ তারিখ ঃ ১০/০২/২০১৬খ্রিঃ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন রিচিং আউট অব স্কুল চিলড্রেন (রস্ক) ফেইজ-২ প্রকল্পের জন্য নিম্নবর্ণিত পদসমূহে সরকারি বিধি মোতাবেক নিম্নোক্ত পদের পার্শ্বে বর্ণিত সাকুল্য (Consulidated) চুক্তি ভিত্তিক নিয়োগের নিমিত্ত (কেবলমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য) বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নে পদ অনুযায়ী প্রয়োজনীয় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য বিবরণ উল্লেখ করা হলো ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | সাকুল্য বেতন | বয়স | গ্রেড | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ডাটা/এন্ট্রি অপারেটর | ০১ | টাকা ঃ ৯,৫০০/- | ১৮-৩০ | ১৪ তম | ক। ন্যূনতম উচ্চ মাধ্যমিক পাশ। খ। প্রার্থীকে সরকার কর্তৃক অনুমোদিত যে কো প্রতিষ্ঠানে কম্পিউটার চালনার বিষয়ে ন্যূনতম ৩ (তিন) মাসের সার্টিফিকেট কোর্স সম্পন্ন হতে হবে। প্রার্থীকে কম্পিউটার বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০২ | হিসাব সহকারি | ০১ | টাকা ঃ ৯,৫০০/- | ১৮-৩০ | ১৪তম | ক। ন্যূনতম বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী পাশ। প্রার্থীকে কম্পিউটার বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |

শর্তাবলী ঃ

১। পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য বহাল থাকবে। প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে নিয়োগকৃত কর্মকর্তা ও কর্মচারীগণের নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। তবে প্রয়োজনবোধে তাঁদেরকে নির্ধারিত সময়ের পূর্বে ও চাকুরী হতে অব্যহতি দেয়া হতে পারে।

২। নিম্নের ছক পূরণপূর্বক ও সত্যায়িত সনদপত্রসহ আবেদনপত্র প্রকল্প পরিচালক, রিচিং আউট অব-স্কুল-চিলড্রেন(রস্ক) ফেইজ-২ প্রকল্প , প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২,মিরপুর,ঢাকায় আগামী ০২ মার্চ ২০১৬ খ্রি: তারিখের মধ্যে অবশ্যই কুরিয়ার/ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচিত হবে না।

৩। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, সাম্প্রতিক কালের ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, নাগরিত্ব সনদপত্র /জাতীয় পরিচয় পত্র (সত্যায়িত), অভিজ্ঞতার সনদপত্র এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।

৪। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ঃ ০২ মার্চ ২০১৬ খ্রিঃ।

৫। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের প্রার্থীদের জন্য বয়স ১৮-৩২ বৎসর।

৬। দরখাস্তের সাথে প্রকল্প পরিচালক, রিচিং আউট অব-স্কুল-চিলড্রেন (রস্ক) ফেইজ-২ প্রকল্পের অনুকূলে ডাটা এন্ট্রি অপারেটর/হিসাব সহকারী পদের জন্য ৫০/- টাকা ট্রেজারী চালান ১-২৪৩১-০০০০-২০৩১ কোডে জমা করে চালানের মূল কপি আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

৭। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং এ ধরণের প্রার্থীদের সরাসরি আবেদন গ্রহণযোগ্য হবে না।

৮। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৯। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র সর্বাধিক উপযুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

১০। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান (মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র কন্যার পুত্র-কন্যা) হিসাবে প্রার্থীকে আবেদনপত্রের সাথে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধা পিতা/মাতার সার্টিফিকেট এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রকৃত মুক্তিযোদ্ধা/তাঁর পুত্র কন্যাদের জন্য সরকারী বিধি অনুযায়ী কোটা সংরক্ষিত থাকবে।

১১। পদের নাম এবং প্রার্থীর নিজ জেলার নাম খামের উপর স্পষ্টভাবে লিখতে হবে।

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না।

১৩। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। এ নিয়োগ বিজ্ঞপ্তি করার পরেও উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সংক্রান্ত সরকার কর্তৃক জারীকৃত সকল আদেশ /পরিপত্র /নীতিমালা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

প্রকল্প পরিচালক
রিচিং আউট অব-স্কুল-চিলড্রেন (রস্ক) ফেইজ-২ প্রকল্প
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।